

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭২৩

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

الفصل الاول (بَاب بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُّ بَنِي آدَمَ يَطْعَنُ الشَّيْطَانُ فِي جَنْبَيْهِ بِإِصْبَعَيْهِ حِينَ يُولَدُ غَيْرَ عِيسَى بْنِ مَرْيَمَ ذَهَبَ يَطْعَنُ فَطَعَنَ فِي الْحِجَابِ» . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3286) و مسلم (147 / 2366)، (6133) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৭২৩-[২৬] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: প্রতিটি আদম সন্তান জন্মলাভকালে শয়তান অঙ্গুলি দ্বারা তার পার্শ্বস্থলে খোঁচা দেয় 'ঈসা ইবনু মারইয়াম আলায়হিস সালাম ছাড়া। শয়তান তাঁকে খোঁচা দিতে গেলে, তখন শুধু তাঁর আবরণে খোঁচা দিতে সক্ষম হয় (তার শরীরে আঘাত করতে পারেনি।)। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩২৮৬, মুসলিম ৭০-(২৪৩১), মুসনাদে আহমাদ ১০৭৮৩, সিলসিলাতুস সহীহাহু ২৭১১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১২৮৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَطْعَنُ) অর্থ: আঘাত করা। এখানে উদ্দেশ্য হলো শয়তানের স্পর্শ করা এবং আক্রান্ত করা।



وَانِيَ الشَّامِةِ المَّاهِ المَّا المَّامِةِ المَّاهِ المَّامِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّامِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّامِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَّاهِ المَاهُ المَاهُ

(فَطَعَنَ فِي الْحِجَابِ) "অতএব সে পর্দায় আঘাত করে।" অর্থাৎ শয়তান যখন 'ঈসা আলায়হিস সালাম-কে আঘাত ও খোঁচা দিতে ব্যর্থ হয় তখন সে তার মায়ের উদরের আবরণে আঘাত করে। এই আঘাত 'ঈসা আলায়হিস সালাম-কে স্পর্শ করেনি। এর দ্বারা বুঝা যায়, শয়তানের স্পর্শকরণ প্রকৃত অর্থে। বর্ণনাকারী এখানে কেবল 'ঈসা আলায়হিস সালাম-এর কথা উল্লেখ করেছেন। অথচ মূল হাদীসে মারইয়াম ও তার ছেলের কথা রয়েছে। অর্থাৎ মারইয়াম এবং ঈসা দু'জনই জন্মের সময় শয়তানের এই খোচা থেকে মুক্ত ছিলেন। (মিরক্রাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন